গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
স্কাইসোয়াম উইং-১

স্মারক নং- ২০.০২.০০০০.০০০.১৪.০৬.২০২১- ৫৭ তারিখঃ ১৬ আষাঢ় ১৪২৮
৩০ জুন ২০২১

## পিইসি সভার নোটিশ

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "Integrated Community Based Center for Child Care, Protection and Swim-Safe facilities Project (1st phase)" শীর্ষক প্রকল্পের উপর পিইসি সভা পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের (আসাঅবি) সদস্য (সচিব) মোসাম্মৎ নাসিমা বেগম এঁর সভাপতিত্বে আগামী ০৭ জুলাই ২০২১ তারিখ রোজ বুধবার দুপুর ১২.০০ টায় অনলাইন প্লাটফরম (জুম)-এ অনুষ্ঠিত হবে। উক্ত সভার-

**Meeting ID: 96857235480**
**Passcode: 620829**

২। উক্ত ভার্চুয়াল সভায় সংশ্লিষ্ট সকলকে/উপযুক্ত প্রতিনিধিকে (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্ত থাকার থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। সভার কার্যপত্র ও ডিপিপি এ সাথে প্রেরণ করা হলো।

30/06/2021
(তাহমিনা জাকারিয়া)
উপপ্রধান (সংযুক্ত)
☎৯১৮০৬৩২
Email-Tahmin.zakaria@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব/সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব/সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা।
৭। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ,পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
৯। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
১০। প্রধান, এনইসি-একনেক,অনুবিভাগ,পরিকল্পনা বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা।
১১। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি , শাহবাগ, ঢাকা-১০০০। (প্রস্তাবিত প্রকল্পের উপর পাওয়ার পয়েন্ট উপস্থাপনের অনুরোধসহ)

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। উপসচিব (প্রটোকল), পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
২। সদস্য (আসাঅবি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
৩। যুগ্মপ্রধান (স্কাইসোয়াম উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
৪। উপপ্রধান (স্কাইসোয়াম উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
৫। নথি কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
স্কাইসোয়াম উইং

## প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যপত্র

১. **প্রকল্পের নাম** : Integrated Community Based Center for Child Care, Protection and Swim-Safe facilities Project

২. **(ক) উদ্যোগী মন্ত্রণালয়** : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

**(খ) বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ শিশু একাডেমি

৩. **প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়)** :

**(ক) মোট** : ৩০৯.৮৭৩৬

**(খ) জিওবি** : ২৪৫.৮৯৫০ (৭৯.৩৫%)

**(গ) বৈদেশিক সহায়তা** : ৬৩.৯৭৮৬ (২০.৬৫%)

৪. **প্রকল্পের অর্থায়ন (ঋণ/অনুদান/ইকুইটি)** : ব্লুমবার্গ ফিলানথ্রোপিজ (Bloomberg Philanthropies), রয়্যাল ন্যাশনাল লাইফবোট ইনস্টিটিউট (RNLI) এবং বাংলাদেশ সরকারের অনুদান

৫. **বাস্তবায়নকাল** : জুলাই ২০২১ হতে জুন ২০২৪ পর্যন্ত

৬. **প্রকল্প এলাকা** :

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| বরিশাল | বরগুনা, ভোলা এবং পটুয়াখালী | আমতলি, বেতাগী, তালতলি, ভোলা সদর, লালমোহন, মনপুরা, কলাপাড়া, গলাচিপা,বাউফল |
| চট্রগ্রাম | ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর এবং লক্ষীপুর | নাসিরনগর, নবীনগর, বাঞ্চারামপুর, মতলব দক্ষিণ, মতলব উত্তর, চাঁদপুর সদর, লক্ষীপুর সদর, রামগতি, কমলনগর |
| ঢাকা | নরসিংদী | মনোহরদী |
| খুলনা | বাগেরহাট এবং সাতক্ষীরা | ফকিরহাট, মোল্লারহাট, শরণখোলা, দেবহাটা, শ্যামনগর |
| ময়মনসিংহ | ময়মনসিংহ, নেত্রকোনা এবং শেরপুর | ফুলবাড়িয়া, ত্রিশাল, নান্দাইল, মোহনগঞ্জ, দুর্গাপুর, মদন, শেরপুর সদর, নালিতাবাড়ি, শ্রীবরদী |
| রাজশাহী | সিরাজগঞ্জ | বেলকুচি, রায়গঞ্জ, তারাশ |
| রংপুর | নীলফামারী | ডিমলা, কিশোরগঞ্জ, সৈয়দপুর |
| সিলেট | হবিগঞ্জ এবং সুনামগঞ্জ | বাহুবল, মাধবপুর, আজমেরীগঞ্জ, দক্ষিণ সুনামগঞ্জ, তাহিরপুর, দোয়ারাবাজার |

৭. **বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি ও বরাদ্দ** : প্রকল্পটি ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় 'সমন্বিত সমাজভিত্তিক শিশুযত্ন কেন্দ্র এবং সাঁতার সুবিধা' শীর্ষক প্রকল্প নামে অন্তর্ভুক্ত আছে (এডিপি পৃ: ৬৮৭, ক্র.নং-৪৩০)।

৮. **প্রকল্পেরউদ্দেশ্য**

শৈশবকালীন আঘাত হতে শিশুদের সুরক্ষা নিশ্চিতকরণ এবং তাদের মধ্যে অন্তর্নিহিত সকল সম্ভাবনা কাজে লাগিয়ে যথাযথ পদ্ধতিতে শিশুর সার্বিক বিকাশ নিশ্চিতকরণ।

**(খ) সুনির্দিষ্ট উদ্দেশ্য :**

- দিনের সর্বোচ্চ ঝুকিপূর্ণ সময়ে (সকাল ৯.০০টা থেকে দুপুর ২.০০টা যখন তাদেরকে কেউ দেখাশুনা করার জন্য কেউ থাকেনা) পাঁচ বছরের কম বয়সী শিশুদের পানিতে ডুবে যাওয়াসহ সকল প্রকার আঘাত থেকে সুরক্ষা করা।
- শিশুর যত্ন কেন্দ্রগুলোতে ১-৫ বছর বয়সী শিশুদের বিভিন্ন সুবিধা (বুদ্ধিভিত্তিক, স্বাস্থ্যগত, পুষ্টিগত উন্নয়ন) স্থায়ীভাবে নিশ্চিতকরণের মাধ্যমে সমন্বিত ইসিসিডি সেবার বিষয়াদি সম্পর্কে সকলকে অবগতকরন এবং ৬-১০ বছর বয়সী শিশুদের পানিতে ডুবে যাওয়া থেকে নিজেদের বাঁচাতে নিরাপদ সাঁতার প্রশিক্ষণ প্রদান।
- জাতীয় পর্যায় এবং তৃণমূল পর্যায়ে শিশুদের পানিতে ডুবে যাওয়াসহ বিভিন্ন আঘাত থেকে সুরক্ষা প্রদান এবং সমন্বিত ইসিসিডি সেবা প্রদান নিশ্চিতকরণের জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।
- শৈশবকালীন আঘাত রোধ এবং সমন্বিত ইসিসিডি সেবা অনুশীলনের মাধ্যমে সর্বোত্তম ফলাফল পেতে পরিবার এবং সামাজিক সম্পৃক্ততা নিশ্চিতকরণ এবং শৈশবকালীন আঘাত হতে শিশুদের রক্ষার জন্য ইতিবাচক প্যারেন্টিং এর বিষয়ে অধিকতর শিক্ষালাভের সুযোগ সৃষ্টির মাধ্যমে মহিলাদের উদ্বুদ্ধকরণ।

**৯. প্রকল্পের পটভূমি ও মূল কার্যক্রম :**

**৯.১ সংক্ষিপ্ত পটভূমি:**

শিশুর সুষ্ঠু শারীরিক, বুদ্ধিবৃত্তিক, সামাজিক ও আবেগীয় বিকাশে জীবনের প্রথম আট বছর খুবই গুরুত্বপূর্ণ। কিছু মৌলিক চাহিদা, বিশেষ করে খাদ্য, পুষ্টি, স্বাস্থ্য-সেবা, নিরাপত্তা ও সুরক্ষা এবং শিক্ষার চাহিদা পূরণ করা শিশুদের বেঁচে থাকা ও জীবনকে পরিপূর্ণ সম্ভাবনাময় করার জন্য অত্যাবশ্যক। বাংলাদেশ পাঁচ বছরের কম বয়সী শিশু মৃত্যু, প্রসবকালীন মৃত্যু এবং প্রাক-প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় শিশুদের অংশ গ্রহণের ক্ষেত্রে অনেক সাফল্য অর্জন করেছে। কিন্তু অপর্যাপ্ত সমন্বিত প্রারম্ভিক শিশু-যত্নের ব্যবস্থা এবং অন্যান্য সুরক্ষা ও নিরাপত্তা ঝুঁকির কারণে বাংলাদেশের অনেক শিশুই গুরুত্বপূর্ণ পাঁচ বছর বয়স পর্যন্ত এই সুযোগ থেকে বঞ্চিত হয়, এমনকি অনেক ক্ষেত্রে মৃত্যুর ঘটনা ঘটে থাকে। এই বয়সী শিশু মৃত্যুর বিভিন্ন কারণের মধ্যে অন্যতম পানিতে ডুবে মৃত্যু। গবেষণা থেকে জানা গিয়েছে যে, বাংলাদেশে প্রতি বছর ১৪ হাজার শিশু পানিতে ডুবে মারা যায় যার মধ্যে ১-৪ বছর বয়সী শিশুর সংখ্যা ১০ হাজার অর্থাৎ প্রতিদিন ১-৪ বছর বয়সী ৩০ জনেরও অধিক শিশু শুধুমাত্র পানিতে ডুবে মারা যায়।

২০১৬ সালে স্বাস্থ্য অধিদপ্তর পরিচালিত বাংলাদেশ স্বাস্থ্য ও দুর্ঘটনা সমীক্ষায় বিশেষ বিষয় হিসেবে দেখানো হয়েছে যে, বাংলাদেশে ১-৯ বছরের শিশুদের মৃত্যুর অন্যতম প্রধান কারণ পানিতে ডুবে মৃত্যু। এই সমীক্ষায় আরও বলা হয়েছে বাংলাদেশের ৫ বছরের কম বয়সী শিশুদের মারা যাওয়ার সবচাইতে বড় ঝুঁকি পানিতে ডুবে মারা যাওয়া। এই মৃত্যুর ঘটনাগুলো ঘটে সাধারণত বাড়ির ২০ মিটারের মধ্যে অবাঞ্ছিত জলাধারে এবং দিনের প্রথম ভাগে। গ্রামাঞ্চলে পানিতে ডুবে মারা যাওয়ার এই হার শহরের চাইতে বেশি, যা সম্ভাব্য কারণ হতে পারে যে সেখানে পুকুর আর ডোবার মত ছোট ছোট জলাধারের সংখ্যা বেশী। জন হপকিন্স বিশ্ববিদ্যালয়ের এক গবেষণায় দেখা গেছে পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধ করা সম্ভব এবং তা হ্রাসের হার শতকরা ৮৮ ভাগের বেশি হতে পারে। বিশ্বস্বাস্থ্য সংস্থার মতে, পানিতে ডুবে মৃত্যু রোধে ৩টি কৌশল সবচেয়ে কার্যকরী:

- ৫ বছরের কম বয়সী শিশুদের জন্য নিরাপদ ও সাশ্রয়ী শিশু-যত্নের সুযোগ সৃষ্টি করা (যেমন- দিবাযত্ন কেন্দ্র)
- পানিতে সুরক্ষা ও নিরাপদ উদ্ধারের উপর জোর দিয়ে ৬-১০ বছরের শিশুদের সাঁতার শিক্ষার সুযোগ বাড়ানো
- শিশুদের নিরাপত্তা ঝুঁকি এবং তা হ্রাস করার পদ্ধতি সম্পর্কে জনসাধারণ ও মা-বাবাদের সচেতনতা বাড়ানো

**প্রস্তাবিত প্রকল্পে বিশ্ব স্বাস্থ্য সংস্থার ৩টি প্রতিরোধ কৌশলই অর্ন্তভুক্ত করে প্রকল্প মেয়াদে ১৬টি জেলায় ৪৫ টি উপজেলার নিম্মোক্ত ৩টি লক্ষ্য নিয়ে কার্যক্রম বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে:**

- ৫ বছরের কম বয়সী শিশুদের জন্য ৮,০০০ টি সমাজভিত্তিক সমন্বিত শিশু-যত্নকেন্দ্র স্থাপন ও পরিচালনা;
- ৬-১০ বছরের শিশুদের জন্য ১,৬০০ জনকে সাঁতার প্রশিক্ষণ সুবিধা প্রদানের ব্যবস্থা গ্রহণ; এবং
- অভিভাবকদের সচেতনতা বৃদ্ধির জন্য প্যারেন্টিং সেশন পরিচালনা যেখানে শিশুরযত্ন, বিকাশ ও শিশু সুরক্ষার সর্বোত্তম চর্চার বিষয়ে তথ্য প্রদান এবং সহযোগিতার ক্ষেত্র তৈরি করা।

**৯.২ প্রস্তাবিত মূল কার্যক্রম**

শিশুযত্ন কেন্দ্র পরিচালনার জন্য এনজিও নিয়োগ, অভ্যন্তরীণ প্রশিক্ষণ, বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার/কনফারেন্স/ওয়ার্কশপ, অফিস ভবন ভাড়া, প্রচার ও বিজ্ঞাপন, গবেষনা, পরামর্শক সেবাক্রয়, যানবাহন ক্রয় ও ভাড়া এবং অন্যান্য।

**১০. প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন :** সংযোজনী-ক দ্রষ্টব্য।

## ১১. পরিকল্পনা কমিশনের মতামত

১১.১) অর্থ বিভাগের সুপারিশকৃত জনবল কাঠামো অনুযায়ী প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের ধরণ, নিয়োগ পদ্ধতি এবং প্রকল্প ব্যবস্থাপনা কাঠামো নির্ধারণ করা হয়নি। অর্থ বিভাগের সুপারিশ মোতাবেক অনুচ্ছেদ ১১.০ এবং সংশ্লিষ্ট সংযোজনী (পৃ: ৬৮-৭৬) সংশোধন করতে হবে।

১১.২) অর্থ বিভাগের সুপারিশকৃত জনবল কাঠামো অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতার প্রাক্কলন করা হয়নি। অর্থ বিভাগ কর্তৃক প্রকল্প পরিচালক, উপপ্রকল্প পরিচালক এবং সহকারী প্রকল্প পরিচালকের পদ প্রেষণ/অতিরিক্ত দায়িত্ব হিসেবে সুপারিশ করা হয়েছে। প্রকল্প অনুমোদন পর্যায়ে প্রেষণ অথবা অতিরিক্ত দায়িত্ব যেকোন একটি ধরণ নির্ধারণ করে সে অনুযায়ী বেতন ভাতার প্রাক্কলন করা যেতে পারে।

১১.৩) প্রকল্পের অধীনে ১টি মাইক্রোবাস এবং ২০টি মোটর সাইকেল ক্রয় ছাড়াও ১টি গাড়ি ভাড়ার জন্য ব্যয় প্রাক্কলন করা হয়েছে। ২০টি মোটরসাইকেল ক্রয় এবং ১টি গাড়ি ভাড়া করার যৌক্তিকতা নিয়ে আলোচনা প্রয়োজন।

১১.৪) প্রকল্পের পরামর্শক খাতে ৪৯২.৭৭ লক্ষ টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে। কিন্তু পরামর্শকের কোন TOR সংযুক্তকরণ হয়নি। বিষয়টি নিয়ে আলোচনা প্রয়োজন।

১১.৫) রেজিস্ট্রেশন ফি, অপ্রত্যাশিত ব্যয় খাতে ব্যয় প্রাক্কলনের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করা যেতে পারে।

১১.৬) ৩২১১১০৭ অর্থনৈতিক কোডের বিপরীতে Hiring charge (NGO Service for Center Operations) নামে ২৫৮২৮.৮৭ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। কেন্দ্র পরিচালনায় এনজিও সার্ভিস গ্রহণের খাতটি যথোপযুক্ত কিনা এবং ব্যয় প্রাক্কলনের যৌক্তিকতা নিয়ে সভায় আলোচনা প্রয়োজন।

১১.৭) আপ্যায়ন ব্যয় খাতে ৬৪.৮ লক্ষ, প্রচার ও বিজ্ঞাপন খাতে ২১৪.৮৪ লক্ষ, বইপত্র ও সাময়িকী খাতে ৩৭.১৪ লক্ষ এবং গবেষণা খাতে ৫৬০.৭৮ লক্ষ টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে, যা অত্যাধিক প্রতীয়মান হয়। উক্ত খাতসমূহসহ অন্যান্য খাতের ব্যয় প্রাক্কলন নিয়ে আলোচনা প্রয়োজন।

১১.৮) বৈদেশিক প্রশিক্ষণ খাতে ৭০.০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারী কারা হবেন তা ডিপিপিতে উল্লেখ করতে হবে।

১১.৯) প্রকল্প শেষে প্রকল্পের আওতায় সংগৃহীত গাড়ি, কম্পিউটার, আসবাবপত্র ও অন্যান্য যন্ত্রপাতি কীভাবে ব্যবহার করা হবে তা ডিপিপিতে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১১.১০) ডিপিপির ২৬.০ অনুচ্ছেদে প্রস্তাবিত প্রকল্পটি ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে কিভাবে সম্পর্কিত (সংশ্লিষ্ট অনুচ্ছেদ ও পৃষ্ঠা নম্বরসহ) তা উল্লেখ করতে হবে।

Tahmina Zakaria
৩০/০৬/২০২১
(তাহমিনা জাকারিয়া)
উপপ্রধান (সংযুক্ত)

সংযোজনী-ক

**সংযোজনী-ক**

## "Integrated Community Based Center for Child Care, Protection and Swim-Safe facilities Project"
## শীর্ষক প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন

(লক্ষ টাকায়)

| ইকনমিক কোড | অঙ্গের বিবরণ | একক | পরিমাণ | জিওবি | প্রকল্প সাহায্য | প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের মোট ব্যয়ের শতাংশ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৪+ ৫ = ৭ | ৮ |
| **(ক) রাজস্ব:** | | | | | | | |
| ৩১১১১০১ | অফিসারের বেতন | সংখ্যা | ২২ জন | ৫৪০.০০ | - | ৫৪০.০০ | ১.৭৪% |
| ৩১১১২০১ | প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | সংখ্যা | ৩ জন | ৪০.০০ | - | ৪০.০০ | ০.১৩% |
| ৩১১১৩ | ভাতাদি | সংখ্যা | ২৫ জন | **১৫০.০০** | - | **১৫০.০০** | ০.৪৮% |
| ৩২১১১০৬ | আপ্যায়ন খরচ | সংখ্যা | প্র:কার্যা: + ১৬টি মাঠ কার্যালয় | ৬৪.৮০ | - | ৬৪.৮০ | ০.২১% |
| ৩২১১১০৭ | হায়ারিং চার্জ (যানবাহন) | সংখ্যা | ১টি | ৫০.০০ | - | ৫০.০০ | ০.১৬% |
| ৩২১১১০৭ | হায়ারিং চার্জ (এনজিও সার্ভিস) | সংখ্যা | ৮,০০০ সিসিসি+১,৬০০ এসএস | ২২৬৮৭.৮০ | ৩১৪১.০৭ | ২৫৮২৮.৮৭ | ৮৩.৩৫% |
| ৩২১১১০৯ | শ্রমিক মজুরি | সংখ্যা | ৬ জন | **৬.১৬** | | **৬.১৬** | ০.০২% |
| ৩২১১১১১ | সেমিনার/কনফারেন্স/কর্মশালা ব্যয় | সংখ্যা | ২০টি | - | ৯৪৬.৫৮ | ৯৪৬.৫৮ | ৩.০৫% |
| ৩২১১১১৪ | ইউটিলিটি সার্ভিস চার্জ | থোক | - | ৫.০০ | - | ৫.০০ | ০.০২% |
| ৩২১১১১৬ | কুরিয়ার | থোক | - | ৯.০০ | - | ৯.০০ | ০.০৩% |
| ৩২১১১১৭ | ইন্টারনেট/ফ্যাক্স | থোক | - | ৩.০০ | - | ৩.০০ | ০.০১% |
| ৩২১১১২০ | টেলিফোন বিল সংযোগসহ/মোবাইল | থোক | - | ১.৫০ | - | ১.৫০ | - |
| ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপন | থোক | - | ১০.০০ | ২০৪.৮৪ | ২১৪.৮৪ | ০.৬৯% |
| ৩২১১১২৭ | বইপত্র/পত্রিকা/ম্যাগাজিন | থোক | - | ৩.০০ | ৩৪.১৪ | ৩৭.১৪ | ০.১২% |
| ৩২১১১২৯ | অফিস ভবন ভাড়া | সংখ্যা | ১৭টি | ১১৬.৭০ | - | ১১৬.৭০ | ০.৩৮% |
| ৩২১১১৩০ | যাতায়াত ব্যয় | থোক | - | ৩.০০ | - | ৩.০০ | ০.০১% |
| ৩২১১১৩১ | আউট সোর্সিং | সংখ্যা | ৬ জন | ৫০.০০ | - | ৫০.০০ | ০.১৬% |
| ৩২২১১০৪ | নিবন্ধন ফি | সংখ্যা | ১টি | ২.৫০ | - | ২.৫০ | ০.০১% |
| ৩২২১১০৭ | অনুলিপি ব্যয় | থোক | - | ১.৮০ | - | ১.৮০ | ০.০১% |
| ৩২২১১০৮ | ব্যাংক চার্জ | থোক | - | ১.০০ | - | ১.০০ | - |
| ৩২৩১১০১ | বৈদেশিক প্রশিক্ষণ | সংখ্যা | ৩টি | ৭০.০০ | - | ৭০.০০ | ০.২৩% |
| ৩২৩১২০১ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | সংখ্যা | ৫০টি | ১০.০০ | ১০৪৭.৬৮ | ১০৫৭.৬৮ | ৩.৪১% |
| ৩২৪১১০১ | অভ্যন্তরীণ ভ্রমণ ব্যয় | সংখ্যা | ১৭টি অফিস | ৩০০.৮০ | - | ৩০০.৮০ | ০.৯৭% |
| ৩২৪৩১০১ | গাড়ীর জ্বালানী | সংখ্যা | ১৭টি অফিস | ৩৩.৮৪ | - | ৩৩.৮৪ | ০.১১% |
| ৩২৫৫১০১ | কম্পিউটার সামগ্রী | থোক | - | ২০.০০ | - | ২০.০০ | ০.০৬% |
| ৩২৫৫১০৪ | স্ট্যাম্প ও সীল | থোক | - | ৩.৬০ | - | ৩.৬০ | ০.০১% |
| ৩২৫৫১০৫ | অন্যান্য মনিহারী | থোক | - | ৯.০০ | - | ৯.০০ | ০.০৩% |
| ৩২৫৬১০১ | সাধারণ সরবরাহ | থোক | - | ৫.৪০ | - | ৫.৪০ | ০.০২% |
| ৩২৫৬১০৩ | ব্যবহার্য দ্রব্যাদি | থোক | - | ৩৭.৮০ | - | ৩৭.৮০ | ০.১২% |
| ৩২৫৭১০১ | কনসালটেন্সি | জনমাস | ৩০ জনমাস | ৩০.০০ | ৪৬২.৭৭ | ৪৯২.৭৭ | ১.৫৯% |
| ৩২৫৭১০৩ | গবেষণা | সংখ্যা | ৩ টি | - | ৫৬০.৭৮ | ৫৬০.৭৮ | ১.৮১% |
| ৩২৫৭২০৬ | সম্মানি/পারিতোষিক | থোক | - | ৩৬.০০ | - | ৩৬.০০ | ০.১২% |
| ৩৮২১১১৬ | বীমা | থোক | - | ১০.৮০ | - | ১০.৮০ | ০.০৩% |
| ৩৯১১১১২ | অপ্রত্যাশিত ব্যয় | থোক | - | ২০.০০ | - | ২০.০০ | ০.০৬% |
| ৩২৫৮১০১ | যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ | থোক | - | ৯.০০ | - | ৯.০০ | ০.০৩% |
| ৩২৫৮১০২ | আসবাবপত্র মেরামত ও রক্ষণাবেক্ষণ | থোক | - | ৫.৪০ | - | ৫.৪০ | ০.০২% |
| ৩২৫৮১০৩ | কম্পিউটার মেরামত ও রক্ষণাবেক্ষণ | থোক | - | ৭.২০ | - | ৭.২০ | ০.০২% |
| ৩২৫৮১০৪ | অফিস সরন্জামাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ | থোক | - | ৫.৪০ | - | ৫.৪০ | ০.০২% |
| | **উপমোট (রাজস্ব) =** | - | - | **২৪৩৫৯.৫০** | **৬৩৯৭.৮৬** | ৩০৭৫৭.৩৬ | **৯৯.২৬%** |
| **(খ) মূলধন:** | | | | | | | |
| ৪১১২১০১ | মোটরযান | সংখ্যা | ১টি | ৫০.০০ | - | ৫০.০০ | ০.১৬% |
| ৪১১২১০১ | মোটর সাইকেল | সংখ্যা | ২০টি | ৩০.০০ | - | ৩০.০০ | ০.১০% |
| ৪১১২২০২ | কম্পিউটার | সংখ্যা | ৪৫টি | ৫৭.৫০ | - | ৫৭.৫০ | ০.১৯% |
| ৪১১২৩১০ | অফিস সরঞ্জামাদি | সংখ্যা | ৩৯টি | ৩৫.২২ | - | ৩৫.২২ | ০.১১% |
| ৪১১২৩১৪ | আসবাবপত্র | সংখ্যা | ৩০৫টি | ৫৭.২৮ | - | ৫৭.২৮ | ০.১৮% |
| | **উপমোট (মূলধন) =** | - | **৪১০টি** | ২৩০.০০ | - | ২৩০.০০ | ০.৯৪% |
| **(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি** | | - | - | - | - | - | - |
| **(ঘ) প্রাইস কনটিনজেন্সি** | | - | - | - | - | - | - |
| **সর্বমোট=** | | - | - | ২৪৫৮৯.৫০ | **৬৩৯৭.৮৬** | ৩০৯৮৭.৩৬ | **১০০%** |